পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ৯৬৮/শা-২(ক)/প.

তারিখ ঃ ০৯ পৌষ ১৪২৫ / ২৩ ডিসেম্বর ২০১৮

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০১৮ সনের অনার্স ১ম বর্ষ অনিয়মিত, গ্রেড উন্নয়ন ও বিশেষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

মহোদয়,

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাতটি কলেজের ২০১৬-১৭, ২০১৫-১৬ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের অনিয়মিত, গ্রেড উন্নয়ন এবং ২০১৩-১৪, ২০১২-১৩ ও ২০১১-১২ শিক্ষাবর্ষের গ্রেড উন্নয়ন ও বিশেষ ১ম বর্ষ অনার্স শিক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরমপূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফিস- এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক আবেদন ফরম পূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ | ব্যাংক ড্রাফটের তারিখ | ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবরণী ফরম, সফটকপি ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় ফিস (প্রতি পূর্ণ পত্র) | ২০০/- | ২৩/১২/২০১৮ রবিবার থেকে ১৩/০১/২০১৯ রবিবার | ১৪/০১/২০১৯ সোমবার | ১৫/০১/২০১৯ মঙ্গলবার |
| ০২ | তত্ত্বীয় ফিস (প্রতি অর্ধ পত্র) | ১৪০/- | | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | | | |
| ০৪ | ইনকোর্স পরীক্ষার ফিস (অনিয়মিত প্রতি পরীক্ষার্থী)<br>১. বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১০০/-<br>২. কলেজে জমা হবে ২০০/- | ৩০০/- | | | |
| ০৫ | বিশেষ অন্তর্ভুক্তি ফিস (গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন প্রতি পরীক্ষার্থীর জন্য কোর্স প্রতি ফি'র অতিরিক্ত)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ৩০০/- | | | |
| ০৬ | কেন্দ্র ফিস- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে<br>১. কলেজের অংশ ৩০০/-<br>২. কেন্দ্রের অংশ ৪৫০/- | ৭৫০/- | | | |
| ০৭ | কেন্দ্র ফিস- ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ১২০/- | | | |

**বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরমপূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন প্রকার সুযোগ নাই।**

**০১.আবেদন ফরম সংগ্রহ ঃ**

অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম কলেজ কর্তৃপক্ষের নিকট থেকে সংগ্রহ করে পরীক্ষার্থী স্বহস্তে ফরমপূরণ করবেন। পরীক্ষার্থী আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফি-সহ স্ব-স্ব বিভাগ/অফিসে জমা দিবে।

**০২.পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ**

**অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

যে সকল শিক্ষার্থী ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালে অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববতী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না।

**গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

* ২০১৭ সালের অনার্স ১ম বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র ‘‘C’’ এবং ‘‘D’’ গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

* যে সকল শিক্ষার্থী ২০১৪, ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে এবং ২০১২, ২০১৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে ‘‘F’’ গ্রেড রয়েছে তারা ২০১৮ সালের পরীক্ষায় ‘‘F’’ গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

*** সকল “F” গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম “D” গ্রেড এ উন্নীত করতে হবে। “F” গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।**

*** ২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত ০১ টি পত্রে ২০১৮ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।**

*** ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।**

**০৩. পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ**

পরীক্ষার্থীগণ ফরম সংগ্রহ করার পর স্বহস্তে সঠিকভাবে ফরমপূরণ করে নির্ধারিত ফি-সহ **সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয় কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে**। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লেখিত বিষয় কোড (ব্যবহারিক সহ) লিখতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে নিজের নাম, পিতার নাম, বিষয়, বিষয় কোড ও বিষয় শিরোনাম লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। **পরীক্ষার্থীর উল্লেখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে ফরমপূরণ করলে তার ফরম বাতিল বলে গণ্য হবে**। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বরে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই রেজিস্ট্রেশন নম্বর সংশোধন করে নিতে হবে। আবেদন ফরমের সাথে পূর্বের পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপিসহ নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

**০৪.কলেজের জন্য করণীয় ঃ**

**যে সকল পরীক্ষার্থী ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য আবেদন জমা দিবে তাদের আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত নির্দিষ্ট এক্সেল ফরমেটে Capital Letter -এ সঠিক ও নির্ভূলভাবে এন্ট্রি করে বিশ্ববিদ্যালয়ে হার্ডকপি ও সফ্টকপি জমা দিতে হবে**। উল্লেখ্য, যে পরীক্ষার্থীদের আবেদন ফরম থেকে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশন তথ্য নির্ভূলভাবে যাচাইপূর্বক এক্সেল ফরমেটে নির্দিষ্ট সময়ের মধ্যে এন্ট্রি করে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে। পরীক্ষার্থীদের তথ্য প্রেরণে কোন প্রকার ভুল থাকলে তার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে। এছাড়াও ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণী যাচাই করার পর সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এর ফটোকপি কলেজ সংরক্ষণ করবে।

**০৫.ফি জমাদানের পদ্ধতি ঃ**

২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:- ৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

**০৬. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ**

অনার্স ১ম বর্ষ পরীক্ষার্থীদের ফরমপূরণ সময় ২০১৬-১৭, ২০১৫-১৬, ২০১৪-১৫ ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে এ প্রেরণ করতে হবে। এর এককপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার পরীক্ষা উপ-নিয়ন্ত্রকের নিকট প্রেরণ এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

**০৭.প্রমোশন ঃ**

**i.** গ্রেডিং পদ্ধতির সম্মান পরীক্ষায় BA, BSS, BBA এবং BSc এর ক্ষেত্রে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশনের জন্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে অন্তত ০৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে।

**ii.** ০১টি কোর্সে অনুপস্থিত থেকে শিক্ষার্থী অন্যান্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে সে সব কোর্সে ন্যূনপক্ষে D গ্রেড পেলে পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। **পরবর্তী বছরের পরীক্ষার্থীদের সঙ্গে তাকে অনুপস্থিত বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে।**

**বিঃ দ্রঃ** পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.7college.du.ac.bd) এ প্রকাশ করা হবে। চিঠি বা অন্য কোন মারফত কোন তথ্য বা বিজ্ঞপ্তি প্রেরণ করা হবে না। প্রতিদিন উল্লিখিত ওয়েব সাইট -এ চেক করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালদয়
Email: examcontrollera7c@du.ac.bd


26/02/2018